দৈনিক ইনকিলাব

তারিখ ...Ul. 2-2 1999 ...
পৃষ্ঠা ১ কলাম ২

৮

## মানিকগঞ্জে হরতাল পালিত

# ছাত্রদল কর্মী কাবুলের লাশ নিয়ে মিছিলে হামলা-গুলী পুলিশসহ ১০ জন আহত

মানিকগঞ্জ থেকে জেলা সংবাদদাতা ঃ মানিকগঞ্জে থমথমে অবস্থা বিরাজ করছে। ছাত্রদল কর্মী কাবুলের খুনের প্রতিবাদে বুধবার মানিকগঞ্জে পূর্ণদিবস হরতাল পালিত হয়েছে। লাশ নিয়ে মিছিলের সময়

২-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## মানিকগঞ্জে হরতাল পালিত

প্রথম পৃষ্ঠার পর

হামলা-পাল্টা হামলা হয়েছে। এতে পুলিশসহ ১০ ব্যক্তি আহত হয়। সাভার, ধামরাই, নবীনগরেও মিছিল, ভাঙচুরের খবর পাওয়া গেছে। ঘটনাস্থলে ম্যাজিস্ট্রেট এবং শহর এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

বুধবার দুপুর ১২টার দিকে কাবুলের লাশ নিয়ে ছাত্রদল, যুবদল, বিএনপি স্থানীয় সংসদ সদস্য আব্দুল ওয়াহাব খানের নেতৃত্বে মিছিল শহর এলাকার দুধবাজার যাওয়ার সময় উত্তরা ব্যাংকের মোড় এলাকা থেকে ঐ মিছিলে হামলা করা হয়। মিছিলে গুলী চালানো হলে পুলিশ টিয়ার গ্যাস ছোঁড়ে ও ফাঁকা গুলী করে। এর পর মিছিলটি কোর্ট এলাকায় যায়। এ সময় ইসমাইল হোসেন নামের একজন সহকারী দারোগাসহ ৪ জন পুলিশ আহত হয়। কোর্ট চত্বরে সমাবেশের পর কাবুলের জানাযা হয় পরে তার লাশ চান্দহর নিয়ে যাওয়া হয়। সেখানে পুলিশ ও ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে বিকেল ৫টায় জানাযা শেষে লাশ দাফন সম্পন্ন হয়। অপরদিকে ছাত্রদল কর্মী কাবুল খুন হওয়ার প্রতিবাদে বুধবার মানিকগঞ্জে পূর্ণদিবস হরতাল পালিত হয়। সাভার, ধামরাই নবীনগর এলাকায়ও এ ঘটনার প্রতিবাদে যানবাহন চলাচল এবং দোকানপাট বন্ধ ছিলো বলে জানা গেছে। হরতাল চলাকালে ঢাকা-আরিচা মহাসড়কের বিভিন্ন স্থানে যানবাহন আটকা পড়ে এবং যাত্রীরা দুর্ভোগ পোহায়। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলাকায় ঢাকা-আরিচা মহাসড়কে কিছু যানবাহন ভাংচুরের খবর পাওয়া গেছে। কাবুলের খুনের ঘটনায় জেলা যুবদলের সম্পাদক মোতালেব হোসেন বাদী হয়ে সদর থানায় ছাত্রলীগের প্রাক্তন সভাপতি আসগর আলীসহ ১৪ জনের বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করেছে। ছাত্রদল, যুবদল, বিএনপিসহ সকল অংগ সংগঠনের ৪ দিনব্যাপী শোক কর্মসূচীর ১ম দিন অতিবাহিত হয়েছে। জাতীয়তাবাদী ছাত্রদল মানিকগঞ্জ জেলা শাখা এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে, আওয়ামী যুবলীগ ও ছাত্রলীগের সন্ত্রাসীদের হামলায় নিহত কাবুলের লাশ নিয়ে মিছিলের সময় তারা-ই আবার মিছিলে গুলী করে লাশ ছিনিয়ে নেয়ার চেষ্টা চালায়। বিবৃতিদাতারা হত্যাকারীদের গ্রেফতার ও শাস্তির দাবী জানায়। জাতীয়তাবাদী সামাজিক-সাংস্কৃতিক সংস্থাও অনুরূপ এক বিবৃতি দিয়েছে। অপরদিকে ছাত্রলীগ মানিকগঞ্জ জেলা শাখা এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে, মানিকগঞ্জে বিএনপির দুইজন প্রভাবশালী এমপি'র অন্তর্দ্বন্দ্বের বা কলহের কারণে কাবুল খুন হয়েছে। তারা খুনের নিন্দা করেছে এবং প্রকৃত অপরাধীদের গ্রেফতারের দাবী জানিয়েছে। জামায়াতে ইসলামী বাংলাদেশ মানিকগঞ্জ জেলা শাখা কাবুলের খুনের নিন্দা জানিয়েছে এবং তার রুহের মাগফেরাত কামনা করে প্রকৃত অপরাধীদের গ্রেফতারের দাবী জানিয়েছে।